

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৪২০

৩৩/ অপরাধ ও তার শাস্তি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ২৪. মাঈ্য ইবনু মালিকের রজম করার ঘটনা

بَابُ رَجْمِ مَاعِزِ بْنِ مَالِكٍ

আরবী

حَدَّتُنَا عُبِيْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ مَيْسَرَةَ، حَدَّتَنَا يَزِيدُ بْنُ زُرِيْعٍ، عَنْ مُحَمَّد بْنِ إِسْحَاقَ، قَالَ: نَكَرْتُ لِعَاصِمِ بْنِ عُمَرَ بْنِ قَتَادَةَ، قِصَّةَ مَاعِزِ ابْنِ مَالِكِ، فَقَالَ: لِي حَدَّتَنِي حَسَنُ بْنُ مُحَمَّدِ بْنِ عَلِيّ بْنِ أَبِي طَالِب، قَالَ حَدَّتَنِي ذَلِكَ مِنْ قَوْلُ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَهَلَّا تَرَكْتُمُوهُ مَنْ شِنْتُمُ مِنْ رِجَالِ أَسْلَمَ مِمَّنْ لَا أَتَهِمُ، قَالَ: وَلَمْ أَعْرِفْ هَذَا الْحَدِيثَ، قَالَ: فَجِنْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ، فَقَلْتُ: إِنَّ رِجَالًا مِنْ أَسْلَمَ يُحَدِّثُونَ، أَنَّ رَسُولَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُمْ حِينَ ذَكَرُوا لَهُ جَزَعَ مَاعِزِ مِنَ الْحِجَارَةِ حِينَ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُمْ حِينَ ذَكَرُوا لَهُ جَزَعَ مَاعِزِ مِنَ الْحِجَارَةِ حِينَ أَللهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُمْ حِينَ ذَكَرُوا لَهُ جَزَعَ مَاعِزِ مِنَ الْحِجَارَةِ حِينَ أَلْكُ مَابُتُهُ: أَلَّا تَرَكْتُمُوهُ، وَمَا أَعْرِفُ الْحَدِيثَ، قَالَ: يَا ابْنَ أَخِي مُ النَّاسِ بِهِذَا اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوْجَدَ مَسَّ الْحِجَارَةِ صَرَحَ بِنَا: يَا قَوْمُ رُدُّونِي إِلَى رَسُولِ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ غَيْرُ قَاتِلِي، فَلَمْ وَعَمُ رُدُونِي أَنَّ رَسُولَ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ غَيْرُ قَاتِلِي، فَلَمْ وَعَرُفُونِي مِنْ نَفْسِي، وَأَخْبُرُونِي أَنَ رَسُولَ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْهُ وَلَاكَ وَهُ مَنْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْهُ وَلَاكَ وَمُ فَالَاءُ فَلَا الْعَرْفُ مَنْ مُونَهُ وَجَنَّا إِلَى رَسُولُ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْهُ وَالْكَ وَالَى فَهُ مَا لَمْ وَجَنْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْهُ وَاللّهَ مَنْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْهُ وَالْكَ وَجُولُونَ وَجُولُونَ وَجُوا الْحَدِيثَ وَلَا اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْهُ وَالْكَ وَمُ وَجُنْ الْمُ وَجُهُ الْحَدِيثَ وَهُ فَلَمَّا لِمَوْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْهُ وَاللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْهُ وَاللهُ عَلَيْهُ وَسُلَّمَ مَنْهُ وَمُ الْمُولُ الْمُ عَنْهُ وَاللهُ عَلَيْهُ وَسُلُمَ مُوا وَجُوا الْمَالِهُ عَلَمَا لِلهُ عَلْمَا لِوسُلَ

حسن

বাংলা

88২০। মুহাম্মাদ ইবনু ইসহাক (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি মাঈ্য ইবনু মালিকের ঘটনা আসিম ইবনু



উমার ইবনু কাতাদাহর নিকট উল্লেখ করলাম। তিনি আমাকে বললেন, হাসান ইবনু মুহাম্মাদ ইবনু আলী ইবনু আবৃ তালিব আমাকে বলেছেন, এরা আসলাম গোত্রের কতক লোক যাদেরকে আমি দোষারোপ করি না এবং যাদের নিকট থেকে তুমি আমার নিকট রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণীঃ "তোমরা তাকে ছেড়ে দিলে না কেন" বর্ণনা করেছো আমি এ হাদীস হৃদয়ঙ্গম করতে পারিনি।

অতএব আমি তাকে জাবির ইবনু আব্দুল্লাহ (রাঃ)-এর নিকট এসে বললাম, আসলাম গোত্রের কয়েকজন লোক বর্ণনা করছে যে, পাথর নিক্ষেপের মারাত্মক চোট পেয়ে মাঈযের হতবুদ্ধি হয়ে যাওয়ার ঘটনা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আলোচনা করাতে তিনি বলেনঃ "তোমরা তাকে ছেড়ে দিলে না কেন?" অথচ আমি তো এ হাদীস সম্পর্কে জানি না। জাবির বললেন, হে ভাতিজা! এ হাদীস সম্পর্কিত ঘটনা আমি অধিক জ্ঞাত। কেননা আমিও লোকটিকে পাথর মারার জন্য নিয়োজিত ব্যক্তিদের অন্যতম।

আমরা যখন তাকে নিয়ে বেরিয়ে গিয়ে পাথর মারা শুরু করলাম তখন পাথর নিক্ষেপের মারাত্মক চোট পেয়ে সে আমাদের নিকট চিৎকার করে বলতে লাগলো, হে লোক সকল! তোমরা আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট ফিরিয়ে নিয়ে চলো। আমার আপনজনেরাই আমাকে হত্যার জন্য দায়ী। তারা আমার সঙ্গে প্রতারণা করেছে। তারা আমাকে বলেছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে হত্যা করবেন না।

তথাপি আমরা তাকে হত্যা না করে ছাড়িনি। অতঃপর আমরা যখন ফিরে এসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসব কথা বললাম, তখন তিনি বললেনঃ তোমরা তাকে ছেড়ে দিলে না কেন এবং আমার নিকট নিয়ে এলে না কেন? যাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার অনুতাপ কবূল করতেন। কিন্তু তিনি হাদ্দ পরিত্যাগ করার জন্য একথা বলেননি। বর্ণনাকারী বলেন, এবার আমি এ হাদীসের মর্ম বুঝতে পারলাম।[1]

হাসান।

English

Narrated Jabir ibn Abdullah:

Muhammad ibn Ishaq said: I mentioned the story of Ma'iz ibn Malik to Asim ibn Umar ibn Qatadah. He said to me: Hasan ibn Muhammad ibn Ali ibn AbuTalib said to me: Some men of the tribe of Aslam whom I do not blame and whom you like have transmitted to me the saying of the Messenger of Allah (ﷺ): Why did you not leave him alone?

He said: But I did not understand this tradition. So I went to Jabir ibn Abdullah and said (to him): Some men of the tribe of Aslam narrate that the Messenger of Allah (ﷺ) said when they mentioned to him the anxiety of Ma'iz when the stones hurt him: "Why did you not leave him alone?' But I do



not know this tradition.

He said: My cousin, I know this tradition more than the people. I was one of those who had stoned the man. When we came out with him, stoned him and he felt the effect of the stones, he cried: O people! return me to the Messenger of Allah (**). My people killed me and deceived me; they told me that the Messenger of Allah (**) would not kill me. We did not keep away from him till we killed him. When we returned to the Messenger of Allah (**) we informed him of it.

He said: Why did you not leave him alone and bring him to me? and he said this so that the Messenger of Allah () might ascertain it from him. But he did not say this to abandon the prescribed punishment. He said: I then understood the intent of the tradition.

ফুটনোট

[1]. আহমাদ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবন ইসহাক (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন